



ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার,

সচিব

স্বাস্থ্য সেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

আইডি নং-৪২৩৪

ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার ১৪ জুন ২০২২ খ্রি. তারিখে সচিব হিসেবে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্ব গ্রহণ করেন। স্বাস্থ্য সেবা বিভাগে সচিব হিসেবে দায়িত্ব গ্রহণের পূর্বে তিনি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং দুর্নীতি দমন কমিশনের সচিব হিসেবে কর্মরত ছিলেন। বিগত ৩১ বছর ধরে তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিবালয় এবং মাঠ প্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে সচিব, বিভাগীয় কমিশনার, অতিরিক্ত সচিব, যুগ্ম সচিব, উপসচিব, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) এবং সহকারী কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন। ২০১৭ থেকে ২০১৯ পর্যন্ত প্রায় তিন বছর তিনি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে যুগ্মসচিব ও অতিরিক্ত সচিব হিসেবে দায়িত্ব পালনকালে দক্ষতা ও সুনাম অর্জন করেন।

তিনি ১৯৯১ সালে ১০ম বিসিএস (প্রশাসন) ক্যাডারে কর্মজীবন শুরু করেন। চাকুরির শুরুতে তিনি অর্থ মন্ত্রণালয়ের সহকারী সচিব, কুষ্টিয়ার সহকারী কমিশনার (প্রবেশনরি), বাগেরহাট জেলার রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুষ্টিয়ার দৌলতপুর ও গাজীপুর সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি), বরগুনার বামনা ও বাগেরহাটের কচুয়া উপজেলার উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা জেলার জেলা প্রশাসক, মাননীয় প্রতিমন্ত্রী, বঙ্গ মন্ত্রণালয় এর সহকারী একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের উপসচিব, পর্যটন কর্পোরেশনের জেনারেল ম্যানেজার, পরিবেশ অধিদপ্তরের পরিচালক, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের যুগ্মসচিব ও অতিরিক্ত সচিব, খুলনা বিভাগের কমিশনার এবং দুর্নীতি দমন কমিশন ও মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব হিসেবে কর্মরত ছিলেন।

তিনি বরিশাল জেলার সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত এবং দুই পুত্র ও এক কন্যা সন্তানের জনক। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে কৃষি বিষয়ে স্নাতক (সম্মান) এবং এগ্রোনমি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। তিনি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

দক্ষতা উন্নয়নে তিনি বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, আইন ও প্রশাসন প্রশিক্ষণ, সার্ভে এন্ড স্যাটেলাইট ট্রেনিং, প্রকিউরম্যান্ট, সিনিয়র স্টাফ কোর্স, দেশের বাহিরে বর্জ্য ব্যবস্থাপনা প্রশিক্ষণসহ অনেক প্রশিক্ষণ গ্রহণ করেন।

তিনি সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে জার্মানি, যুক্তরাষ্ট্র, নরওয়ে, ডেনমার্ক, দক্ষিণ আফ্রিকা, জাপান, মালয়েশিয়া, থাইল্যান্ড, দক্ষিণ কোরিয়া, ভিয়েতনাম, সৌদি আরব, মিশর, ইন্দোনেশিয়া, ভুটান, ফিলিপাইন, থাইল্যান্ড, সংযুক্ত আরব আমিরাত, ভারতসহ বিভিন্ন দেশে ভ্রমণ করেছেন।